সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ ~~সহকারী প্রোগ্রামার~~ M.E
◇ স:মে:ই-১/স:মে:ই-২
◇ নথি
ডাইরি নং............................
তারিখঃ ..............................
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
প্রশাসনশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.৯৯.০০৩.২০-৯৫৩ তারিখঃ ২৩ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
৮ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাননীয় মন্ত্রীর সাথে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব, জ্যেষ্ঠ কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণ সমন্বয়ে অনুষ্ঠিত সভার নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবজনিত কারণে স্বাস্থ্যবিধি অনুসরণ করে গত ০৬.১০.২০২০ তারিখ মঙ্গলবার বেলা ১১.৩০ ঘটিকায় মাননীয় মন্ত্রীর সাথে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষে সচিব, জ্যেষ্ঠ কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণের একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সচিব মহোদয় সূচনা বক্তব্যে মাননীয় মন্ত্রীকে উপস্থিত সকলের পক্ষ হতে শুভেচ্ছা জ্ঞাপন করে সংক্ষেপে উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের তথ্য উপস্থাপন করেন। তিনি এ সময় গুরুত্বপূর্ণ নিদের্শনার বাস্তবায়ন পরিস্থিতি সম্পর্কেও বক্তব্য প্রদান করেন।

২.০ মাননীয় মন্ত্রী সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানান। করোনা প্রাদুর্ভাবের কারণে কিছুটা বিরূপ পরিস্থিতিতেও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের এডিপি বাস্তবায়ন হার জাতীয় গড়ের চেয়ে তুলনামূলকভাবে বেশী হওয়ায় তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সম্প্রতি ধারাবাহিকভাবে সড়ক ও জনপথ অধিদপ্তরের দশটি জোন, বিআরটিসি, বিআরটিএ, ডিটিসিএ'সহ প্রধান প্রধান প্রকল্পসমূহের অগ্রগতি বিষয়ক সভায় সবার সাথে প্রাসংগিক বিভিন্ন বিষয় পর্যালোচনা করেছেন উল্লেখ করে তিনি অদ্যকার সভায় মন্ত্রণালয়ের বিদ্যমান সার্বিক পরিস্থিতি অবহিত রয়েছেন বলেও জানান। অতঃপর বিভিন্ন দপ্তর/সংস্থা-কে ইতোপূর্বে যে সকল নির্দেশনা প্রদান করা হয় উক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন বিষয়ে মাননীয় মন্ত্রী নিম্নবর্ণিত পর্যবেক্ষণসমূহ সভায় তুলে ধরেনঃ

২.১ সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান সড়কের কাজের গুণগতমান নিশ্চিতকরণের জন্য বারংবার নির্দেশনা প্রদান স্বত্ত্বেও অধিকাংশ ক্ষেত্রেই প্রত্যাশিত মান নিশ্চিত করা যাচ্ছে না। এরূপ পরিস্থিতিতে ঠিকাদার এবং সংশ্লিষ্ট প্রকৌশলীগণ দায় এড়াতে পারবেন না। প্রয়োজনে মন্ত্রণালয়ের মনিটরিং জোরদার করতে হবে;

২.২ প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা যাচ্ছে না। এতে অর্থের অপচয়সহ প্রকল্প ব্যয় বৃদ্ধি পাচ্ছে অন্যদিকে, সরকারের আর্থিক ব্যবস্থাপনা ও পরিকল্পনা বাস্তবায়নে বিরূপ প্রভাব পড়ছে;

২.৩ অনুমোদনের পর প্রকল্পের কাজ শুরু হতে বিলম্ব ঘটছে। প্রস্তুতিমূলক কাজ শেষ করতে যেমন বেশি সময় ব্যয় হচ্ছে তেমনি ভূমি অধিগ্রহণেও কালক্ষেপণ হচ্ছে যা অনভিপ্রেত। এ পরিস্থিতির উন্নয়নে অর্থাৎ প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য প্রকল্প কর্মকর্তা ও জেলা প্রশাসনের সাথে যথাযথ সমন্বয় অপরিহার্য। প্রয়োজনে জটিলতা নিরসনে ভূমি মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের সাথে সচিব উদ্যোগ গ্রহণ করবেন;

২.৪ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রকৌশলীদের ফিল্ড ভিজিট এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রকল্প এলাকায় অবস্থানের বাধ্যবাধকতা বিবেচনায় রেখে দায়িত্বটি সুচারুরূপে পালন করতে হবে। নিয়মিত পরিদর্শন না করলে কাজ বিলম্বিত হবে। এ নির্দেশনাটি বাস্তবায়নে সচিব যথাযথ ভূমিকা রাখবেন;

২.৫ মহাসড়কের সৌন্দর্য্যবর্ধনের কাজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু অনেক গুরুত্বপূর্ণ সড়ক যেমন-মোগড়াপাড়া, সোনারগাঁ, নারায়ণগঞ্জ লিংকরোড, নবীনগর-চন্দ্রাসহ বিভিন্ন স্থানে সড়কের পার্শ্বে ময়লা-আবর্জনার স্তুপ দেখা যায়, দুর্গন্ধে পাশ দিয়ে চলা যায় না। অনেক মহাসড়কে ফেস্টুন, ব্যানার ঝুলে থাকে, সড়ক বিভাজক অপরিচ্ছন্ন থাকে। এ অবস্থার নিরসন হওয়া প্রয়োজন, সংশ্লষ্ট নির্বাহী প্রকৌশলীকে এর দায় নিতে হবে। বিরাজমান পরিস্থিতিতে পরিবেশ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল সিটি কর্পোরেশন এবং পৌরসভা সমন্বয়ে একটি সভা আয়োজনের বিষয়ে সচিব দ্রুত উদ্যোগ গ্রহণ করবেন;

২.৬ ঢাকা শহরের সড়ক ও জনপথ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ভূমিতে বিক্ষিপ্তভাবে ভবনের পর ভবন নির্মাণের কোন প্রয়োজন নেই। বরং পরিকল্পনা মাফিক অফিস-কাম-রেসিডেন্স ধরণের নতুন ভাবনায় নান্দনিক কমপ্লেক্স নির্মাণ করাই যুক্তিযুক্ত হবে। নবনির্মিত সওজ প্রধান কার্যালয়ের দু'টি ফ্লোর বা একটি ব্লক প্রকল্পের জন্য নির্ধারিত রাখতে হবে;

২.৭ ঢাকা এয়ারপোর্ট সড়কের সৌন্দর্য্যবর্ধনের কাজ দ্রুত শেষ করতে হবে। এ ধরণের সৌন্দর্য্যবর্ধন কাজ সম্পন্নের লক্ষ্যে নীতিমালা প্রণয়নের কাজ শেষ করে ঢাকায় প্রবেশ ও বাহির হওয়াসহ সন্নিকটস্থ মহাসড়কগুলোর সৌন্দর্য্যবর্ধনের কাজ শুরু করতে হবে;

২.৮ নির্দেশনা প্রদান করা স্বত্ত্বেও বিআরটিসি'র ভবন নির্মাণের কাজ জরুরি ভিত্তিতে আরম্ভের সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে। কর্মকর্তা-কর্মচারিদের জন্যও আবাসিক ভবন নির্মাণের প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে। বিআরটিসি'র চেয়ারম্যান এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন;

২.৯ বিআরটিসি'র বহরে নতুন বাস ও ট্রাক-এর সংখ্যা বৃদ্ধি পেয়েছে কিন্তু ডিপোগুলোতে শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়নি। বাস ইজারা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা এবং ট্রিপ ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রয়োজনে মন্ত্রণালয় সহযোগিতা প্রদান করবে;

২.১০ চাহিদা অনুযায়ী বিআরটিএ ড্রাইভিং লাইসেন্স সরবরাহ করতে সংস্থাটি ব্যর্থ হচ্ছে। অথচ এ চাহিদা প্রতিদিনই বৃদ্ধি পাচ্ছে। স্বল্পতম সময়ে প্রার্থীদের ড্রাইভিং লাইসেন্স প্রদানের লক্ষ্যে যথাসময়ে সকল প্রস্তুতি সম্পন্ন করে ড্রাইভিং লাইসেন্স প্রদানের কাজে গতি সঞ্চয় করার জন্য চেয়ারম্যান, বিআরটিএ বিশেষ ব্যবস্থা গ্রহণে উদ্যোগী হবেন;

২.১১ বিআরটিএ কিছু কিছু গ্রাহক সেবা অন-লাইনে প্রদান শুরু করেছে, যা সেবা প্রার্থীদের হয়রানী লাঘবে ভূমিকা রাখছে। কিন্তু মানুষ এখনও সব ক্ষেত্রে কাঙ্খিত সেবা পাচ্ছে না। বিশেষ করে মোটরযানের ডিজিটাল ফিটনেস পরীক্ষার সুযোগ সম্প্রসারণ করে বিভাগীয় পর্যায়েও ভিআইসি স্থাপনের পরিকল্পনা বাস্তবায়নের সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২.১২ নিরাপদ সড়ক নিশ্চিত করা আমাদের অগ্রাধিকার এবং চ্যালেঞ্জ। আগামী ২২ অক্টোবর জাতীয় নিরাপদ সড়ক দিবস। সড়ক নিরাপত্তা বিধানে মন্ত্রণালয় ইতোমধ্যে বেশকিছু কার্যক্রম বাস্তবায়ন করেছে। এর মধ্যে অন্যতম সিদ্ধান্ত হচ্ছে ২২টি মহাসড়কে থ্রি-হুইলার ও নন-মোটরাইজড যানবাহন চলাচল বন্ধ রাখা। কিন্তু এ সিদ্ধান্তের বাস্তাবায়ন কার্যকরভাবে হচ্ছে না। মূলতঃ এ ধরণের ছোট আকারের যানবাহনই অধিকাংশ সড়ক দুর্ঘটনার মূল কারণ। সড়ক নিরাপত্তার স্বার্থে ২২ অক্টোবর-এর পূর্বে সারাদেশের মহাসড়কে সাইন-সিগনাল এবং রোড মার্কিং সম্পন্ন করার জন্য প্রধান প্রকৌশলী এবং সচিব মহোদয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

২.১৩ ঢাকার যানজট নিরসন এবং গণপরিবহনে সক্ষমতা বাড়াতে কাজ করছে ঢাকা যানবাহন সমন্বয় কর্তৃপক্ষ ডিটিসিএ। ইতোমধ্যে আইন প্রণয়ন করে প্রতিষ্ঠানটির সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী চট্টগ্রাম মহানগরীতে মেট্রোরেল স্থাপনে ইতোমধ্যে নির্দেশনা দিয়েছেন। এ বিষয়টি গুরুত্বের সাথে এগিয়ে নেয়ার লক্ষ্যে বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঢাকা মহানগরীর জন্য গুরুত্বপূর্ণ Bus Route Rationlization এর কাজ এগিয়ে নিতে ডিটিসিএ'র নির্বাহী পরিচালক সমন্বয়ের মাধ্যমে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন;

২.১৪ চলমান বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্পের ধীর গতির কারণে গাজীপুরসহ উত্তরবঙ্গ ও বৃহত্তর ময়মনসিংহগামী যাত্রীদের ভ্রমণ বছরের পর বছর কষ্টদায়ক করে তুলেছে। প্রায়শ:ই স্থানীয় সংসদ সদস্য ও রাজনৈতিক নেতাকর্মিরা জনভোগান্তির অভিযোগ করে আসছেন, যা বিব্রতকর। মহাসড়কের সেতু বিভাগের অধীন প্রকল্পের অংশটি তুলনামূলকভাবে বেশী খারাপ অবস্থায় রয়েছে। জনগণের কষ্ট লাঘবে সংশিষ্ট সকলকে দ্রুত সমন্বিত পদক্ষেপ গ্রহণ করতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২.১৫ অনুকুল অবস্থা না থাকলেও চলমান মেট্রোরেল নির্মাণ কাজের সার্বিক অগ্রগতি ৫০.৪০% এবং উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৭৬.৩৭%। আগারগাঁও হতে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৪৩.৪৬%। মেট্রোরেল প্রকল্পের ফার্মগেট থেকে মতিঝিল অংশের কাজে গতি বৃদ্ধি প্রয়োজন।

৩.০ মাননীয় মন্ত্রী উল্লেখ করেন, ইতোমধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি ৭.৪৫%। করোনা পরিস্থিতিতে অগ্রগতি কম হলেও এখন থেকে দ্রুত কাজের গতি বৃদ্ধি করে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। বিশেষ করে জনভোগান্তি সৃষ্টি করে এ ধরণের প্রকল্প অগ্রাধিকার গণ্যে সম্পন্ন করতে হবে।

৪.০ নিজ নিজ দক্ষতা ও মেধা কাজে লাগিয়ে কাজের গুণগতমান বৃদ্ধির মাধ্যমে রাষ্ট্রের সম্পদের সর্বোত্তম ব্যবহারের জন্য মাননীয় মন্ত্রী সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।

৫.০ এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/১০/২০২০

(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪১২৮, ফ্যাক্স: ৯৫৮৫১৩৮
ই-মেইলঃ sasadmin@rthd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
০৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
০৫. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
০৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা মাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৭. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপিঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ